

বাংলাদেশ নৌবাহিনী টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতা অনুষ্ঠিত

চট্টগ্রাম, ০১ মে ২০১৮: বাংলাদেশ নৌবাহিনীর 'টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতা-২০১৭' এর সমাপনী বানৌজা ঈসাখান এর সার্বিক ব্যবস্থাপনায় আজ মঙ্গলবার (০১-০৫-২০১৮) ঘাঁটিস্থ টেনিস ও স্কোয়াশ কমপ্লেক্সে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার সমাপনী দিনে কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল, রিয়ার এডমিরাল এম আবু আশরাফ, বিএসপি, এনসিসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সমাপনী দিনের খেলা উপভোগ করেন এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



চট্টগ্রামস্থ বানৌজা ঈসাখান ঘাঁটির টেনিস ও স্কোয়াশ কমপ্লেক্সে অনুষ্ঠিত বাংলাদেশ নৌবাহিনী 'টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতা-২০১৭' এর সমাপনী অনুষ্ঠানে মঙ্গলবার (০১-০৫-২০১৮) কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল, রিয়ার এডমিরাল এম আবু আশরাফ বিজয়ীদের হাতে চ্যাম্পিয়ন ট্রফি প্রদান করেন।

গত ২৫ এপ্রিল হতে শুরু হওয়া ০৫ দিনব্যাপী এ প্রতিযোগিতায় বাংলাদেশ নৌবাহিনীর বিভিন্ন জাহাজ ও ঘাঁটির মোট ৪৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। পাঁচটি দলের মধ্যে অনুষ্ঠিত এ প্রতিযোগিতার সমাপনী দিনে টেনিস দ্বৈতে কমান্ডার এস এম মেজবাহ উদ্দিন ও লেঃ কমান্ডার মুস্তাফিজুর রহমান জুটি কমান্ডার এ এম সোয়েব ও লেঃ কমান্ডার জাহিদুল ইসলাম জুটিকে (৬-১), (৬-০) ব্যবধানে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন। টেনিস এককে কমান্ডার বিএন ফ্লিট এর কমান্ডার এস এম মেজবাহ উদ্দিন চ্যাম্পিয়ন ও কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চলের কমান্ডার এ এম রিয়াদ রানার আপ হওয়ার গৌরব লাভ করেন। এছাড়া ভেটারেন টেনিসের দ্বৈত খেলায় ক্যাপ্টেন কাজী মেহেদী মাসুদ ও লেঃ কমান্ডার সিরাজুল ইসলাম জুটি কমডোর এম জহির উদ্দিন ও কমান্ডার এম তরিকুল ইসলাম জুটিকে (৭-৫), (৬-০) ব্যবধানে পরাজিত করেন। অপরদিকে স্কোয়াশ প্রতিযোগিতায় কমডোর এস এম জামিল হোসেন চ্যাম্পিয়ন ও কমান্ডার এম এহতেশামুল হক রানার আপ হন। সমাপনী অনুষ্ঠানে চট্টগ্রাম নৌ অঞ্চলের উর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত থেকে খেলা উপভোগ করেন।